

২০২২-২৩ শিক্ষাবর্ষে হাবিপ্রবিতে বিদেশি শিক্ষার্থীদের আসন ৮০

হাবিপ্রবি সংবাদদাতা

প্রকাশ : ০৬ মে ২০২৩, ১৪:০৮



হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (হাবিপ্রবি) ৮ টি অনুষদ এবং ২৩ টি ডিগ্রির জন্য ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। ২০২৩ শিক্ষাবর্ষের স্নাতক পর্যায়ে ভর্তির জন্য এবারে সর্বমোট ১৫২৫ টি আসন রয়েছে। এছাড়াও অতিরিক্ত ৮০ টি আসন বিদেশি শিক্ষার্থীর জন্য সংরক্ষিত রাখা হয়েছে।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

বুধবার (৩ মে) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) ও ভর্তি কমিটি ২০২৩ এর সচিব অধ্যাপক ড. মো. সাইফুর রহমান স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করা হয়।

এবার বিশ্ববিদ্যালয়ে আবেদনের ক্ষেত্রে দেশের বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের জন্য এসএসসি ও এইচএসসিতে জিপিএ ৩.৫০ করে মোট জিপিএ ৮.০০ থাকতে হবে। অপরদিকে মানবিক ও বাণিজ্য বিভাগের শিক্ষার্থীদের জন্য এসএসসি ও এইচএসসিতে জিপিএ ৩.০০ করে মোট ৬.৫০ ও ৬.০০ থাকতে হবে। এক্ষেত্রে জিএসটি ভর্তি পরীক্ষায় ন্যূনতম ৩৫ নম্বর পেতে হবে। তবে কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ৩০ নম্বর পেতে হবে। এছাড়াও অন্যান্য তথ্য ও শর্তসমূহ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেওয়া নোটিশে দেখা যাবে।

ইত্তেফাক/এআই